**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 30.04.25** **Desk in Charge : SM**
**Time : 7.50 PM** **Compiling : S BASU**
**DEO : KB** **NR : S. BASU**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ কেন্দ্রীয় মন্ত্রিসভা, আসন্ন আদমশুমারিতে জাতিভিত্তিক গণনা অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে।

২/ কলকাতার বড়বাজারের মেছুয়া পট্টিতে বেসরকারি হোটেলে অগ্নিকান্ডের তদন্তে বিশেষ দল-সিট গঠন করা হয়েছে। # ঘটনায় শোক প্রকাশ করেছেন, রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, রাজ্যপাল ও মুখ্যমন্ত্রী। # আর্থিক সহায়তার ঘোষণা কেন্দ্র ও রাজ্য সরকারের।

৩/ মুর্শিদাবাদের সাম্প্রতিক হিংসায় ভাঙা মন্দিরগুলি পুনর্নির্মাণের কাজের সূচনা করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

৪/ রাজ্যপাল সি ভি আনন্দ বোস, 'হাওড়া মিউনিসিপাল কর্পোরেশন সংশোধনী বিল' এবং 'পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণী কমিশন সংশোধনী বিলে' ছাড়পত্র দিয়েছেন।

৫/ প্রকাশিত হয়েছে চলতি বছরের ICSE ও ISC পরীক্ষার রেজাল্ট। দুটি পরীক্ষাতেই ছেলেদের ছাপিয়ে গেছে মেয়েরা।

৬/ চিরাচরিত উৎসাহ উদ্দীপনায় আজ অক্ষয় তৃতীয়া পালিত হচ্ছে।

৭/ মোহনবাগান সুপার জায়ান্ট, কলিঙ্গ সুপার কাপ ফুটবল থেকে বিদায় নিয়েছে।

*****************************************************************

কেন্দ্রীয় মন্ত্রিসভা, আসন্ন আদমশুমারিতে জাতিভিত্তিক গণনা অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে রাজনৈতিক বিষয়ক মন্ত্রিসভা কমিটি, এই বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে। আজ নতুন দিল্লিতে মন্ত্রিসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো, একথা জানিয়েছেন। তিনি বলেন, আদমশুমারি একটি কেন্দ্রীয় বিষয়। যদিও কিছু রাজ্য রাজনৈতিক বাধ্যবাধকতা থেকে নিজেরা জাতিভিত্তিক গণনার কাজ করেছে।

( বাইট- বৈষ্ণো আদমশুমারি )

**********************

কলকাতার বড়বাজার এলাকার মেছুয়া পট্টিতে হোটেল ঋতুরাজে বিধ্বংসী অগ্নিকান্ডের তদন্তে বিশেষ দল- সিট গঠন করা হয়েছে। কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা আজ একথা জানিয়েছেন। কোথাও গাফিলতি ছিল কিনা, বা আবাসিকদের হোটেল থেকে দ্রুত বের করা গেলোনা কেনো, এই বিষয়গুলি তদন্ত করে দেখা হবে বলে, কমিশনার জানিয়েছেন।

( বাইট- মনোজ ভার্মা)

ঘটনাস্থলে যান দমকলের ডিজি রণবীর কুমার। তিন বছর আগেই হোটেলটির ফায়ার লাইসেন্সের মেয়াদ শেষ হয়ে গেছে বলে তিনি জানিয়েছেন।

ফরেন্সিক আধিকারিকরা আজ ঘটনাস্থলে গিয়ে বিভিন্ন নমুনা সংগ্রহ করছেন।

এদিকে কেন্দ্রীয় ও রাজ্য সরকার, এই মর্মান্তিক ঘটনায় অর্থ সহায়তা ঘোষণা করেছে। প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিল থেকে মৃতদের পরিবার পিছু ২ লক্ষ এবং আহতদের ৫০ হাজার টাকা করে দেওয়ার কথা ঘোষণা করা হয়। রাজ্য সরকারও, মৃতদের পরিবার পিছু ২ লক্ষ এবং আহতদের ৫০ হাজার টাকা করে দেবে।

আজ NRS হাসপাতালে যান রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম। মেছুয়ায় অগ্নিকান্ডের উচ্চ পর্যায়ের তদন্ত হবে বলে তিনি জানিয়েছেন। পাশাপাশি অগ্নিকান্ডের ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের কথা বলেছেন তিনি।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু কলকাতায় অগ্নিকান্ডে ১৪ জনের প্রাণহানির ঘটনায় গভীর শোক ব্যক্ত করেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, এই মৃত্যুর ঘটনায় গভীর দুঃখ প্রকাশ

করে আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ওই অগ্নিকান্ডের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। এক্স হ্যান্ডেলে এক বার্তায় তিনি লেখেন, হোটেলে দাহ্য পদার্থ মজুত থাকার কারণেই এতজনের মৃত্যু।

উল্লেখ্য, মেছুয়া ফল পট্টীর মতো ঘিঞ্জি জায়গায় থাকা হোটেলটিতে বিধ্বংসী আগুনে, এপর্যন্ত ১৪ জনের মৃত্যু হয়েছে। আহতদের মধ্যে ১২ জনকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়। আশঙ্কাজনক একজন। হোটেলের মালিক পলাতক বলে জানা গেছে। তার খোঁজে তল্লাশি চলছে।

বিজেপি এই ঘটনায় প্রশাসনিক ব্যর্থতাকেই দায়ী করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ বড়বাজারের ঘটনাস্থলে যান। পুরসভা, প্রশাসনের অশুভ আঁতাতের কারণেই বারবার কলকাতায় অগ্নিকান্ড হচ্ছে বলে তিনি মন্তব্য করেন।

( বাইট- সুকান্ত ৭-৫০ )

আজ ঘটনাস্থল পরিদর্শনে যান CPIM কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, ফুয়াদ হালিম, ফৈয়াজ আহমেদ খান প্রমুখ। ভয়ানক অগ্নিকান্ডের সময় রাজ্যের দমকল মন্ত্রী উতসবে মেতে রয়েছেন বলে তিনি অভিযোগ করেন।

( বাইট- সুজন ৭-৫০ )

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে একটি প্রতিনিধি দল আজ মেছুয়া পট্টিতে অগ্নিকান্ডে নিহতদের পরিবার পরিজনদের সঙ্গে দেখা করতে গেলে, পুলিশ বাধা দেয়। দুপক্ষের মধ্যে বেশ কিছুক্ষণ বাদানুবাদ চলে।

রাজ্যপাল সিভি আনন্দ বোস বড়বাজারের হোটেলে অগ্নিকাণ্ডে প্রাণহানিতে গভীর শোক প্রকাশ করেছেন। শোকসন্তপ্ত পরিবারগুলির প্রতি তিনি আন্তরিক সমবেদনাও জানিয়েছেন। এই ধরনের মর্মান্তিক ঘটনা এড়াতে প্রয়োজনীয় অগ্নি-নির্বাপন ব্যবস্থা সম্পর্কে সকলকে সতর্ক ও সচেতন থাকার আহ্বান জানিয়েছেন তিনি।

*********************

রাজ্যপাল সি ভি আনন্দ বোস রাজভবনে আটকে থাকা আরও দুটি বিলে অনুমোদন দিয়েছেন। আজ তিনি বিধানসভায় পাশ হয়ে যাওয়া হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন

(সংশোধনী) বিল এবং পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেনী কমিশন সংশোধনী বিল ২০১৮ তে সই করেছেন বলে রাজভবন সূত্রে জানা গিয়েছে।

রাজ্য সরাকরের প্রস্তাব মেনে রাজ্যপাল সিভি আনন্দ বোস নতুন তথ্য কমিশনার নিয়োগে ছাড়পত্র দিয়েছেন। রাজভবন থেকে জারি করা এক বিবৃতিতে জানানো হয়েছে তিনি, তথ্য কমিশনার হিসেবে সঞ্চিতা কুমার এবং ডঃ মৃগাঙ্ক মাহাতোকে নিয়োগ করেছেন।

*********************

বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ সনাতনী ধর্ম সম্মেলনের মঞ্চ থেকে মুর্শিদাবাদে সাম্প্রতিক হিংসায় ভাঙা মন্দিরগুলি পুনর্নির্মাণের সূচনা করেছেন। অন্ততঃ ৯’টি মন্দির ভেঙ্গে তছনছ করা হয়েছে বলে তাঁর অভিযোগ। শুভেন্দু বাবু বলেন, সরকারি অর্থে হিন্দুদের মন্দির নির্মাণ হয়না।

( বাইট- শুভেন্দু )

এদিকে, কলকাতা হাইকোর্ট-এ কাঁথির সনাতনী ধর্ম মহা সম্মেলন সংক্রান্ত মামলায় সিঙ্গল বেঞ্চের নির্দেশের বিরুদ্ধে ডিভিশন বেঞ্চে রাজ্যের দায়ের করা আবেদনের শুনানি শেষ হয়েছে। বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিষন বেঞ্চ আপাতত রায়দান স্থগিত রেখেছেন বলে খবর।

*********************

কেন্দ্রের সংশোধিত ওয়াকফ আইনের বিরোধিতায় মুর্শিদাবাদে ব্যাপক অশান্তিতে যেসব বাড়ির দলিল ও নথি নষ্ট হয়ে গেছে, রাজ্য সরকার সেগুলি তৈরী করে দেবে।

নথি না থাকায়, ‘বাংলার বাড়ি’ প্রকল্পে বাড়ি তৈরীর ক্ষেত্রে সমস্যা দেখা দিচ্ছে বলে উল্লেখ করে জেলা শাসক সম্প্রতি রাজ্য সরকারকে রিপোর্ট পাঠিয়েছেন।

*********************

চলতি বছরের ICSE ও ISC পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। ICSE পরীক্ষায় রাজ্যের পড়ুয়াদের পাশের হার ৯৮.৭৬ শতাংশ। ISC পরীক্ষায় রাজ্যের পড়ুয়াদের পাশের হার ৯৮.৭৫ শতাংশ।

পাশের হারে ছেলেদের টেক্কা দিয়েছে মেয়েরা। এ রাজ্যের ছাত্রীদের ICSE -তে পাশের হার ৯৯.০৪ শতাংশ এবং ISC পরীক্ষায় পাশের হার ৯৯.৩৮ শতাংশ।

ISC-তে ১০০ শতাংশ নম্বর পেয়ে এই রাজ্যে প্রথম হয়েছেন ফিউচার ফাউন্ডেশন স্কুলের ছাত্রী সৃজনী। ফলাফল পুনর্মূল্যায়নের জন্য ওয়েবসাইটে আবেদন করতে পারবেন পরীক্ষার্থীরা। চৌঠা মে পর্যন্ত পুনর্মূল্যায়নের আবেদন জানানো যাবে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ICSE ও ISC-র সফল পরীক্ষার্থীদের অভিনন্দন জানিয়েছেন।

********************

কলকাতার RG KAR মেডিক্যাল কলেজে, তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় ময়না তদন্ত রিপোর্টে একাধিক ব্যক্তির জড়িত থাকার ইঙ্গিত রয়েছে বলে পরিবারের তরফে আদালতে দাবী করা হয়েছে। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ অভয়ার পরিবারের তরফের আইনজীবিকে এ'ব্যাপারে হলফনামা জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন। হলফনামার ভিত্তিতে CBI আগামী ১৬'ই মে আদালতে রিপোর্ট পেশ করবে।

********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল, মুম্বাইয়ের জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টারে ভারতের প্রথম ওয়ার্ল্ড অডিও ভিজ্যুয়াল এন্টারটেইনমেন্ট সামিট (ওয়েভস) ২০২৫ উদ্বোধন করবেন। সম্মেলনের ট্যাগলাইন "কানেক্টিং ক্রিয়েটরস, কানেক্টিং কান্ট্রিজ"।

চার দিনের এই শীর্ষ সম্মেলন ভারতকে সংবাদমাধ্যম, বিনোদন এবং ডিজিটাল উদ্ভাবনের ক্ষেত্রে একটি বিশ্বব্যাপী কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠিত করবে বলে প্রত্যাশা রয়েছে।

********************

চিরাচরিত উৎসাহ উদ্দীপনায় আজ অক্ষয় তৃতীয়া পালিত হচ্ছে। বৈশাখ মাসের শুক্লপক্ষের তৃতীয়ায় আজ পুণ্যদিনে বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানে সিদ্ধিদাতা গণেশ ও ধন সম্পদের দেবী লক্ষীর আরাধনার সঙ্গেই চলছে হালখাতার অনুষ্ঠান। দিনটি উপলক্ষ্যে সকাল থেকেই দক্ষিণেশ্বর ভবতারিণী মন্দির, কালীঘাট, তারাপীঠ সহ বিভিন্ন মন্দিরে পুজার্চনা চলছে। ধনলাভের আশায় এই চড়া দামের মধ্যেই আজ স্বর্ণ বিপনীগুলিতে

সাধারণ মানুষ ভীড় জমাচ্ছেন। ব্যবসায়ীরা দোকানে দোকানে সিদ্ধিদাতা গণেশের পুজো করছেন।

উত্তর কলকাতার বাগবাজার গৌড়ীয় মিশনের পক্ষ থেকে আজ ২১ দিন ব্যাপী চন্দন শৃঙ্গার উৎসবের সূচনা হয়েছে। হরিনাম সংকীর্তন, ভগবত পাঠ, আরতি, মঠ পরিক্রমা সহ নানা ধর্মীয় আচার অনুষ্ঠান পালিত হচ্ছে।

অক্ষয় তৃতীয়ায় পুণ্য তিথিতে পুরীর জগন্নাথ দেবের মন্দিরে, নবদ্বীপ ধামে পালিত হয় চন্দন যাত্রা উৎসব।

জলপাইগুড়ির যোগমায়া কালীমন্দিরে সকাল থেকে বহু ভক্ত সমাগম হয়।

********************

ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের সর্বত্রই আগামী কয়েক দিন, হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। কোথাও কোথাও ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে বলে দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

কলকাতায় আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের থেকে প্রায় ৬ ডিগ্রি কমে ৩০ ডিগ্রি সেলসিয়াসে দাঁড়িয়েছে। সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে স্বাভাবিকের চেয়ে সামান্য কম- ২৫ দশমিক ৭’ডিগ্রি সেলসিয়াস।

********************

মোহনবাগান সুপার জায়ান্ট, কলিঙ্গ সুপার কাপ ফুটবল থেকে বিদায় নিয়েছে। ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে আজ প্রথম সেমিফাইনালে এফ সি গোয়া ৩-১ গোলে মোহনবাগানকে হারিয়ে দেয়। মোহনবাগানের হয়ে একমাত্র গোলটি করেছেন সুহেল ভাট।

*******************************************************************